আলমডাঙ্গায় গলাঁয় ফাঁস লাগিয়ে মহিলার আত্নহত্যা

আলমডাঙ্গার কয়রাডাঙ্গায় গলাঁয় ফাঁস লাগিয়ে ১ মহিলা আত্নহত্যা করেছে। গতকাল মঙ্গলবার বিকেল ৩ টার দিকে এ ঘটনাটি ঘটে। আত্নহত্যার ঘটনায় আলমডাঙ্গা থানায় অপমৃত্যুর মামলা দায়ের করেছে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার চিৎলা ইউনিয়নের কয়রাডাঙ্গা গ্রামের ফরিদ হোসেনের স্ত্রী চায়না খাতুন (৪৮) । সে দীর্ঘদিন যাবৎ আলসার রোগে ভুগছিলো। তার রোগের জন্য বিভিন্ন হাসপাতালে চিকিৎসা চলছিলো। আলসার রোগের যন্ত্রণায় বিভিন্ন সময় সে আত্নহত্যার চেষ্টা চালায়।

গতকাল মঙ্গলবার বিকেল ৩ টার দিকে খাবার শেষে চায়না খাতুন তার নিজ ঘরে প্রবেশ করে। পরিবারের লোকজনের অনুপস্থিতিতে সে নিজ ঘরের আড়ার সাথে রশি দিয়ে গলায় ফাঁস লাগিয়ে আত্নহত্যা করে।

দর্শনা সীমান্ত দিয়ে দ্বিতীয়দিন ফিরেছেন ৬৫ যাত্রী, একজনের করোনা পজেটিভ

বৈধ পথে ভারতে চিকিৎসার জন্য যাওয়া বাংলাদেশী আটকা পড়া পাসপোর্ট যাত্রীরা মঙ্গলবার সারাদিনে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা সীমান্ত চেকপোষ্ট দিয়ে দ্বিতীয় দিনে ৬৫ জন ফিরেছে ।

এদের মধ্যে এক জনের নমুনা পরীক্ষায় করোনা পজিটিভ রিপোর্ট এসেছে। তাকে চুয়াডাঙ্গাা সিভিল সার্জন করোনা আইসোলেশনে পাঠানোর নির্দেশ দিয়েছেন।

দর্শনা ইমিগ্রেশন কর্মকর্তা আব্দুল আলীম জানান, প্রতিদিন সকাল ৮টা থেকে বিকাল ৩টা পর্যন্ত ভারত থেকে আসা বাংলাদেশী পাসপোর্ট যাত্রীরা করোনা নেগেটিভ রিপোর্ট ও দূতাবাসের এন ও সি সনদ সহ বৈধ কাগজপত্র জমা দিলেই শুধু তাদেরকে নেয়া হচ্ছে

সোমবার প্রথমদিন সন্ধ্যায় মাত্র ১১জন ফিরলেও গতকাল মঙ্গলবার সন্ধ্যা ৬টা পর্যন্ত দেশে প্রবেশ করেছে নারী পুরুষ মিলে ৬৫ জন।এর মধ্যে ৬৪ জনের নমুনা পরীক্ষায় করোনা নেগেটিভ আসলেও বি বাড়িয়ার নাসিরনগর থানার বুকারনি গ্রামের ওয়াহেদ মিয়ার কন্যা সাবিনা খাতুন
(৩৫) নমুনা পরীক্ষার করোনা রিপোর্ট আসে পজিটিভ ।

খবর পেয়ে চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা এ এস এম মারুফ হাসান দর্শনা চেকপোষ্টে পরিদর্শন করেন ও সাবিনা খাতুনকে আইসোলেশনে পাঠানোর নির্দেশ দেন ।
বাকি ৬৪ জনের মধ্যে চাদপুর জেলার ৫জন , বগুড়ার ৩জন , নারানগন্জের ৫জন, যশোরের ৪জন, কুমিল্লার ৪ জন, কুষ্টিয়ার ৪জন, কক্সবাজারের ৪জন , মানিকগঞ্জের ২জন , নরসিংদীর৩ জন , টাঙ্গাইলের ৩ জন, রংপুরের৪ জন, রাজবাড়ির ৩জন, ঝিনাইদহের ৩জন, নওগাও এর ৩জন, মেহেরপুরের ২জন, চট্টগ্রামের ৩জন, জয়পুরহাটের ৩জন, নোয়াখালীল ৩জন, খুলনার ৩জন রয়েছে ।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মো নজরুল ইসলাম সরকার জানান, দর্শনা আন্তর্জাতিক চেকপোষ্ট দিয়ে প্রায় সাড়ে তিন শ বাংলাদেশী পাসপোর্ট যাত্রী আসতে পারবে, তাদের জন্য দামুডহুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও চুয়াডাঙ্গাা নার্সিং ইন্সটিটিউটে ১৪দিনের বাধ্যতা মুলক কোয়ারেন্টিনে রাখার ব্যবস্থা করা হয়েছে। চলতি মাসের ১২ মে তারিখ দু দেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের বৈঠক শেষে দর্শনা আন্তর্জাতিক চেকপোষ্ট সহ দেশের ৩টি স্থল পথে বাংলাদেশীদের ফেরত নেয়ার সিদ্ধান্ত হয়।

সাংবাদিক রোজিনার মুক্তির

দাবীতে ঝিনাইদহে মানববন্ধন

আর্ন্তজাতিক পুরস্কার প্রাপ্ত বাংলাদেশী নারী সাংবাদিক রোজিনা ইসলামের নিঃশর্ত মুক্তির দাবীতে ঝিনাইদহ শহরে মানববন্ধন কর্মসুচি পালিত হয়। মঙ্গলবার বিকাল ৫টার দিকে শহরের পোষ্ট অফিস মোড়ে প্রথম আলো বন্ধুসভা এ কর্মসুচির আয়োজন করে।

ঘন্টাব্যাপী আয়োজিত এই মানববন্ধন কর্মসুচিতে ঝিনাইদহে কর্মরত সাংবাদিক, মানবাধিকার কর্মী, রাজনৈতিক ও সামাজিক সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ অংশ গ্রহন করেন।

মানববন্ধন কর্মসুচি শেষে এক প্রতিবাদ সভায় বক্তাগন বলেন, গ্রেফতার আর জেল বন্দি করে লেখার স্বাধীনতা স্তব্ধ করা যাবে না। প্রতিবাদকারীদের ভাষায় বাংলাদেশে হুইসল ব্লোয়ার্স আইন অনুযায়ী কেউ দুর্নীতি বিষয়ে তথ্য প্রকাশ করলে তাকে পুরস্কৃত করার কথা। অথচ সাংবাদিক রোজিনার ক্ষেত্রে ঘটেছে ঠিক উল্টোটা।

রোজিনা রাষ্ট্রের কর্মচারীদের দুর্নীতি ঠেকাতে সরকারকে সহায়তা করছিলেন। কিন্তু তাকে প্রটেকশন না দিয়ে চোরদের পক্ষাবলম্বন করা দুঃখজনক।

দামুড়হুদায় কম্বাইন্ড হার্ভেস্টারের মাধ্যমে বোরো ধান কর্তন ও আলোচনা সভা

দামুড়হুদায় ২০২০-২১ অর্থবছরে সমলয়ে চাষাবাদের বোরো ধান কর্তন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বেলা সাড়ে ১১টার দিকে দামুড়হুদার হাউলি মাঠে কম্বাইন্ড হার্ভেস্টারের মাধ্যমে ধান কর্তন ও একই এলাকার ঈদগা মাঠে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। কম্বাইন্ড হার্ভেস্টারের মাধ্যমে বোরো ধান কর্তন ও আলোচনা সভা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,চুয়াডাঙ্গা জেলা

প্রশাসক নজরল ইসলাম সরকার।
এসময় তিনি বলেন, এ দেশের অর্থনীতি মূলত ধান উৎপাদনের উপর নিভরশীল। দেশে ক্রমবর্ধমান জনসংখ্যা বাড়ার সাথে সাথে বৃদ্ধি পাচ্ছে খাদ্য চাহিদা। নতুন নতুন বাড়ী-ঘর, রাস্তা-ঘাট, হাট-বাজার, শিক্ষা ও শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠায় কমছে আবাদি জমির পরিমাণ। চাষাবাদযোগ্য জমির পরিমাণ বৃদ্ধির সুযোগ না থাকায় আধুনিক পদ্ধতিতে ধান চাষাবাদের মাধ্যমে কম খরচে অধিক ফলন বাড়াতে আমাদের উচ্চ ফলনশীল ও আধুনিক পদ্ধতির দিকে এগিয়ে যেতে হবে। তেমনি যান্ত্রিক পদ্ধতিতে যেমন খরচ কম হয়েছে তেমনি যান্ত্রিক পদ্ধতিতে কর্তন করলে একদিকে শ্রমিক কম লাগবে অন্যদিকে খরচ ও অনেকাংশে কমে যাবে এতে চাষিরা বাড়তি লাভবান হবে।

চুয়াডাঙ্গা জেলা কৃষি অধিদপ্তরের উপ পরিচালক আলী হাসান এর সভাপতিত্বে ধান কর্তন ও আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, চুয়াডাঙ্গা জেলা কৃষিসম্প্রসারণ অধিদপ্তরের প্রশিক্ষণ অফিসার সুফি মোহাম্মদ রফিকুজ্জামান ও উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মনিরুজ্জামান।

স্বাগত বক্তব্য কৃষি অফিসার কৃষিবিধ মনিরুজ্জামান বলেন,দিন দিন আবাদি জমির পরিমাণ কমে যাচ্ছে। সেই সঙ্গে কৃষি শ্রমিকের সংখ্যা হ্রাস পাচ্ছে। ফলে কৃষিতে শ্রমিকের মজুরি বেড়ে যাচ্ছে, তাতে করে ধানের উৎপাদন খরচ বেড়ে যাচ্ছে।এই কারণে কম্বাইন্ড হার্ভেস্টারের মাধ্যমে ধান কর্তন করতে সময় যেমন কম লাগবে সেই সাথে খরচও কম হবে।

উল্লেখ্য দেশের ৬১ জেলার মধ্যে দামুড়হুদা উপজেলা সদরের অদুরে হাউলির ১নং সেচ পাম্পের মাঠে সমলয়ে চাষাবাদের আওতায় আধুনিক পদ্ধতিতে ১৫০ বিঘা জমিতে হাইব্রিড জাতের এই রোরো ধান রোপন করা হয়।

বাড়ী ফিরলো ঝিনাইদহে কোয়ারেন্টাইনে থাকা ৮৬ জন ভারত ফেরত যাত্রী

১৪ দিন বাধ্যতামুলক কোয়ারেন্টাইন শেষে বাড়ী ফিরল ৮৬ জন ভারত ফেরত যাত্রী। মঙ্গলবার সকালে শহরের পিটিআই হোস্টেল প্রাঙ্গণে তাদের পাসপোর্ট ও করোনার নেগেটিভ ফলাফল দেওয়া হয়।
ঝিনাইদহের জেলা প্রশাসক মজিবর রহমান জানান, গত ৩ ও ৪ মে যশোরের বেনাপোল সীমান্ত দিয়ে আসা ১৬৭ জন যাত্রীকে ঝিনাইদহ শহরের পিটিআই ও এইড কমপ্লেক্সে বাধ্যতামুলক কোয়ারেন্টাইনে রাখা হয়। ১৪ দিন জেলা প্রশাসনের তত্বাবধানে তারা কোয়ারেন্টাইনে ছিল।
সোমবার বিকেলে তাদের করোনার নমুনা সংগ্রহ করা হয়। সন্ধ্যার পর নমুনা পরীক্ষায় ফলাফল নেগেটিভ আসায় মঙ্গলবার তাদের ছাড়পত্র দেওয়া হয়েছে। তাদের বাড়ি, ঢাকা, চট্টগ্রাম, নোয়াখালী, পটুয়াখালীসহ দেশের বিভিন্ন স্থানে। জেলা প্রশাসক আরও জানান, গত সোমবার ২৩ জনকে ছাড়পত্র দেওয়া হয়। এছাড়াও ১৪ দিন কোয়ারেন্টাইন শেষে ৪ জনের করোনা পজেটিভ আসায় তাদের ঝিনাইদহ সদর হাসপাতালের করোনা ইউনিটে ভর্তি করা হয়েছে।

সংঘর্ষে ব্যবসায়ীর মৃত্যু- আহত ১

ঝিনাইদহের কোটচাঁদপুরে দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে আব্দুর রাজ্জাক (৪০) নামে এক ব্যবসায়ীর মুত্যু হয়েছে। এঘটনায় সিফাত হোসেন (২০) নামে এক শিক্ষার্থী আহত হয়েছেন।

মঙ্গলবার বেলা সাড়ে ৩ টার দিকে উপজেলার ফুলবাড়ী সমাজ কল্যাণ এলাকায় এদূর্ঘটনা ঘটে।
স্থানীয় সূত্রে জানাযায়, মঙ্গলবার দুপুরে উপজেলার আলোকদিয়া গ্রামের মৃত আব্দুল করিমের ছেলে ভূষিমাল ব্যবসায়ী আব্দুর রাজ্জাক

কোটচাঁদপুর শহর থেকে বাড়ী ফিরছিলেন। এসময় বিপরীত দিক থেকে দ্রুত গতিতে আসা মোটরসাইকেল আরোহী একই এলাকার সাইদুর রহমানের ছেলে সিফাতের সঙ্গে সংঘর্ষ হয়।

দূর্ঘটনায় দুই মোটরসাইকেল আরোহী গুরতর আহত হয়। স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক আব্দুর রাজ্জাককে মৃত ঘোষনা করেন। দূর্ঘটনায় গুরতর আহত সিফাতকে উন্নত চিকিৎসার জন্য যশোর জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে। কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মোঃ মঈন উদ্দিন ঘটনার বিষয় নিশ্চিত করেছেন।

শিশু নুসরাত ফিরে পেল পিতা মাতার আদর স্নেহ ও ভালোবাসা

শিশু নুসরাত সালিশের মাধ্যমে ফিরে পেল নতুন জীবন। গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের গাড়াবাড়ীয়া গ্রামের মোঃ সেন্টু আলীর ছেলে মোঃ আকাশ আলীর সাথে একই উপজেলার কাজীপুর ইউনিয়নের হাড়াভাঙ্গা গ্রামের মোঃ ইউনুছ আলীর কন্যা মোছাঃ রেনুয়ারা খাতুনের প্রায় চার বছর আগে সামাজিক ভাবে বিয়ে হয়।

বৈবাহিক জীবনে কোল আলো করে আসে একটি কন্যা সন্তান নুসরাত ফাহরিয়া। তার বয়স এখন দুই বছর। পারিবারিক কলহের জের ধরে স্বামী স্ত্রীর সম্পর্কে চরম অবনতি হয়। মোঃ আকাশ আলী এলাকার বিভিন্ন মাধ্যমে স্থানীয় সালিশ নিয়ে কাজ করে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর কথা, ফলে মোঃ আকাশ আলী বাদী হয়ে, স্ত্রী রেনুয়ারার সাথে ঘর-সংসার করতে চাই এই মর্মে মানব উন্নয়ন কেন্দ্র (মউক)এ উপস্থিত হয়ে সালিশ ইউনিটে একটি লিখিত আবেদন দায়ের করেন।

উক্ত আবেদনে আরও জানান আগের সকল ভুল বোঝাবুঝির অবসান ঘটিয়ে তিনি স্ত্রী সন্তান নিয়ে সামনের দিন গুলোতে সুখে শান্তিতে বাস করতে চাই। এর ফলে মউক তাঁদের আইন সহায়তার সমৃদ্ধি ইউনিট থেকে উভয় পক্ষদ্বয়কে কাউন্সিলিং এর মাধ্যমে উভয় পক্ষেকে সম্মতি করিয়ে বিভিন্ন শর্ত সাপেক্ষে স্থানীয় প্রতিনিধিদের উপস্থিতিতে

রেনুয়ারাকে আকাশ আলীর সংসারে ফিরিয়ে দিতে সক্ষম হয়।

এর মধ্যেমে দুই পরিবারে ফিরে এলো সুখ শান্তি, সালিশে উপস্থিত সকলে (মউক) এর কার্যক্রমকে ধন্যবাদ জানান এবং মউক যেন আগামীতে আরও এই ধননের কর্মসূচী অব্যহত রাখেন এই প্রত্যাশা করেন। সালিশ পরিচালনা করেন মউক এর প্রোগ্রাম ম্যানেজার ফাহিমা খাতুন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের যোগদান

মেহেরপুর জেলার গাংনী উপজেলা নির্বাহী অফিসার হিসেবে (নবাগত) মৌসুমী খানম যোগদান করেছেন।
সোমবার ১৭/০৫/২০২১ ইং তারিখে তিনি গাংনী উপজেলা নির্বাহী অফিসার হিসেবে দায়িত্বভার গ্রহন করেন। বিদায়ী উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজ নিকট থেকে গতকাল আনুষ্ঠানিকভাবে দায়িত্ব বুঝে নিয়েছেন। মঙ্গলবার গাংনী উপজেলা নির্বাহী অফিসার হিসেবে তিনি প্রথম অফিস করেন।
মৌসুমী খানম ৩০ তম বিসিএস। এর আগে তিনি মাদারিপুরে সহকারি কমিশনার ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট হিসেবে কর্মরত ছিলেন। তিনি নড়াইল জেলার লোহাগড়া এলকার বাসিন্দা। গাংনী উপজেলা নির্ব্হাী অফিসার হিসেবে যোগদানের পর প্রথম দিনেই তাকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহামম্মদ সাহিদুজ্জামান খোকন। নির্বাহী অফিসারের কার্যালয়ে শুভেচ্ছা জানাতে আসেন তারা। অন্যদিকে অফিসের প্রথম দিনেই বিভিন্ন শ্রেনী পেশার মানুষ ফুলেল শুভেচ্ছা জানান নবাগত এ নির্বাহী কর্মকর্তাকে।

নির্বাহী অফিসার মৌসুমী খানম বলেন, গাংনী উপজেলা পরিচালনা ও সরকারি সকল কাজকর্ম বাস্তবায়ন করতে গাংনীবাসীর সহযোগীতা প্রয়োজন। সকলের সহযোগীতা পেলে গাংনী উপজেলাবাসীকে সরকারের সকল সুবিধা প্রদানে সহজ হবে। গাংনীবাসীকে সেবা দিয়ে তাদের মনের স্মৃতিতে থাকতে চাই।

সাংবাদিক রোজিনা নির্যাতনের প্রতিবাদে মেহেরপুরে প্রতিবাদ সভা

প্রথম আলোর সিনিয়র সাংবাদিক রোজিনা ইসলামকে স্বাস্থ্য মন্ত্রণালয়ে নির্যাতনের প্রতিবাদ, নিঃশর্ত মুক্তি ও নির্যাতনকারীদের বিচারের দাবিতে প্রতিবাদ সভা করেছেন মেহেরপুরের গাংনী প্রেস ক্লাব। মঙ্গলবার দুপুরে প্রেস ক্লাবে আয়োজিত এ প্রতিবাদ সভায় বিভিন্ন মিডিয়ায় কর্মরত সাংবাদিকরা অংশ গ্রহণ করেন।

স্বাস্থ্য মন্ত্রণালয়ে সাংবাদিকদের উপরে এ নির্যাতনের ঘটনা দুর্নীতিবাজদের দ্বারা দেশ ধ্বংসের চক্রান্তের বহিঃপ্রকাশ বলে মনে করেন সাংবাদিকরা।

অনুষ্ঠানে গাংনী প্রেস ক্লাব সভাপতি রমজান আলীর সভাপতিত্বে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক মাহবুব আলম, সাবেক সাধারণ সম্পাদক তৌহিদ উদ দৌলা রেজা, রাশেদুজ্জামান ও মাজেদুল হক মানিক,আকতারুজ্জামানসহ সাংবাদিবৃন্দ। নির্যাতনকারীদের দৃষ্টান্তমুলক শাস্তি না হওয়া পর্যন্ত মেহরপুরের সকল সাংবাদিকবৃন্দরা প্রতিবাদসহ বিভিন্ন ভাবে আন্দোলন চালিয়ে যাবে বলে জানান সাংবাদিক নেতৃবৃন্দ।

গাংনীতে প্রাথমিক বিদ্যালয়ের

নতুন ভবনের উদ্বোধন করেন-এমপি সাহিদুজ্জামান

আকতারুজ্জামান গাংনী,

মেহেরপুরের গাংনী উপজেলার ১২টি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন আনুষ্ঠানিকভাবে এ ভবনগুলোর উদ্বোধন করেন।

এলজিইডি গাংনী উপজেলা কার্যালয় দৃষ্টিনন্দন ও সকল প্রকার ছাত্রছাত্রীদের জন্য উপযুক্ত এসব ভবন নির্মান সম্পন্ন করেছে। বিদ্যালয়ের ভবন উদ্বোধন অনুষ্ঠানে তিনি বলেন, খোলা মাঠে কাজ করতে গিয়ে অনেক সময় বজ্রপাতে প্রাণ হারান কৃষক।

ঝড় বৃষ্টি ও প্রাকৃতিক দুর্যোগ মাথায় নিয়ে খাদ্যের জোগান দেন আমাদের কৃষক। প্রাকৃতিক দুযোর্গ থেকে কৃষকদের প্রাণ রক্ষায় মাঠে মাঠে কৃষক ছাউনি গড়ে তোলার উদ্যোগ নেয়া হয়। আমার এ কাজে খুশি হয়ে কৃষকদের প্রয়োজনে দুর্যোগ প্রতিমন্ত্রী আমাকে ৩০ লাখ টাকা বরাদ্দের প্রতিশ্রুতি দিয়েছেন। গাংনী উপজেলার বিভিন্ন মাঠে আরো ১০ টি ছাউনি ঘরের কাজ শুরু হবে। মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান। এ ছাউনির নাম দিয়েছেন শেখ হাসিনা কৃষক ছাউনি।

গাংনী উপজেলার কোদাইলকাটি গ্রামে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালের অর্থায়নে নির্মিত কৃষক ছাউনি উদ্বোধনের মধ্য দিয়ে কৃষকসহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষের কাছে প্রশংসিত হচ্ছে এ কার্যক্রম।

কৃষকদের প্রাণ বাঁচাতে এ কার্যক্রম সারা দেশে ছড়িয়ে দেওয়ার আশাবাদ ব্যক্ত করেছেন দুর্যোগ ও ত্রাণ প্রতিমন্ত্রী ডাঃ এনামুর রহমান।
মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলার হেমায়েতপুর প্রাথমিক বিদ্যালয়ের নব নির্মিত ভবন উদ্বোধনী অনুষ্ঠানে শেখ হাসিনা কৃষক ছাউনির বিষয়টি তুলে ধরেন অনুষ্ঠানের প্রধান অতিথি সাহিদুজ্জামান খোকন এমপি।

তিঁনি বলেন, অনেক মাঠে প্রয়োজনীয় গাছপালা নেই। তপ্ত রোদে রক্তঘাম ঝরিয়ে আমাদের জন্য আহারের জোগান দেন কৃষকরা। ফাঁকে মাঠে কাজ করতে গিয়ে দুর্ঘটনার শিকার হতে হয় তাদের। বিশেষ করে বজ্রপাতে কৃষক মৃত্যুর ঘটনা বেড়েই চলেছে। তাই আমার এলাকার কৃষকদের সুরক্ষার কথা চিন্তা করে মাঠে মাঠে শেখ হাসিনা কৃষক ছাউনি নির্মান করছি।

সারা দেশে এ কার্যক্রম ছড়িয়ে দেওয়া হবে উল্লেখ করে তিঁনি আরও বলেন, শেখ হাসিনা কৃষক ছাউনি কার্যক্রম দেখে খুশি হয়েছেন দুযোর্গ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী। তাঁর মন্ত্রণালয় থেকে সহযোগিতার মধ্য দিয়ে হাওড় অঞ্চলসহ সারা দেশে এ কার্যক্রম ছড়িয়ে দিবেন বলে আশাবাদ ব্যক্ত করেছেন প্রতিমন্ত্রী। আমার এ কার্যক্রম সারা দেশে জায়গা পাচ্ছে জেনে খুব আনন্দ লাগছে বলেও প্রতিক্রিয়া ব্যক্ত করেন এমপি সাহিদুজ্জামান খোকন।

এলজিইডি গাংনী উপজেলা কার্যালয়ের বাস্তবায়নে বিভিন্ন এলাকার প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মান সম্পন্ন হয়েছে। মঙ্গলবার সকাল থেকে আনুষ্ঠানিকভাবে হেমায়েতপুর, বড় বামন্দী, সাহারবাটি, নবীনপুর, সিন্দুরকৌটা, ভোলাডা ঙ্গা, বামন্দী-নিশিপুর, কাষ্টদহ, বাঁশবাড়ীয়া, চৌগাছা ভিটাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন উদ্বোধন করেন সাহিদুজ্জামান খোকন এমপি।

হেমায়েতপুর প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রধান শিক্ষক সেলিনা পারভীন। বিশেষ অতিথি ছিলেন উপজেলা শিক্ষা অফিসার আলা উদ্দীন, উপজেলা প্রকৌশলী গোলাপ আলী শেখ, গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বজলুর রহমান, রাইপুর মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক মিজানুর রহমান ও ঠিকাদার ফারুক হাসান।